দৈনিক
ইত্তেফাক

তারিখ 24 APR 2008
পৃষ্ঠা ৫ কলাম ৪

# খুবি'র এনভায়রনমেন্টাল সায়েন্স বিভাগের নাম পরিবর্তনের দাবিতে শিক্ষার্থীদের ক্লাস বর্জন

॥ খুলনা অফিস ॥

ডিসিপ্লিনের নাম পরিবর্তন করার দাবিতে গত মঙ্গলবার খুলনা বিশ্ববিদ্যালয়ের এনভায়রনমেন্টাল সায়েন্স ডিসিপ্লিনের ছাত্র-ছাত্রীরা ক্লাস বর্জন করে প্রখর রৌদ্রের মধ্যে শহীদ মিনার চত্বরে অবস্থান কর্মসূচি পালন করেছে। এতে ১৫/২০ জন ছাত্র-ছাত্রী অসুস্থ হয়ে পড়ে। এদের মধ্যে ৪ জনকে খুলনা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। অসুস্থতার খবর শুনে ভারপ্রাপ্ত উপাচার্য প্রফেসর শেখ আব্দুল হাসিব ও ছাত্র বিষয়ক পরিচালক প্রফেসর ড. মোঃ মনিরুল ইসলামসহ বিশ্ববিদ্যালয় প্রশাসনের কর্মকর্তারা আন্দোলনকারী ছাত্র-ছাত্রীদের দাবি মেনে নেয়ার আশ্বাস দিলে তারা সাময়িকভাবে কর্মসূচি স্থগিত করে। ছাত্র-ছাত্রীরা জানায়, এনভায়রনমেন্টাল সায়েন্স ডিসিপ্লিনের নাম পরিবর্তন করে এনভায়রনমেন্টাল সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং ডিসিপ্লিন রাখা না হলে আগামীতে এর থেকে আরো কঠোর কর্মসূচি ঘোষণা করা হবে।



খুলনা : ডিসিপ্লিনের নাম পরিবর্তনের দাবিতে খুবি'র এনভায়রনমেন্টাল সায়েন্সের শিক্ষার্থীদের শহীদ মিনার চত্বরে অবস্থান কর্মসূচি -ইত্তেফাক